



বাংলাদেশ জাতীয়তাবাদী দল

ঢাকা মহানগর উত্তর

ভাসানী ভবন, পুরাতন ৮০, নয়া পল্টন, নতুন ৫১, শান্তি নগর, ভি.আই.পি রোড, ঢাকা-১০০০

তারিখ : ১০ অক্টোবর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি


ঢাকা মহানগর উত্তর বিএনপি'র আহ্বায়ক আমিনুল হক এবং সদস্য সচিব মোস্তফা জামান এর শোকবার্তা

বিএনপি'র সাবেক সংসদ সদস্য ও কটিয়াদী উপজেলা চেয়ারম্যান মরহুম হাবিবুর রহমান দয়াল এর জ্যেষ্ঠ পুত্র ও জাতীয়তাবাদী মহিলা দল-ঢাকা মহানগর উত্তর শাখার সভাপতি এ্যাডভোকেট রুনা লায়লা'র স্বামী এ্যাডভোকেট ওমর ফারুক মিন্টু আজ সন্ধ্যায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৫ বছর। এ্যাডভোকেট ওমর ফারুক মিন্টু'র মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ঢাকা মহানগর উত্তর বিএনপি'র আহ্বায়ক আমিনুল হক এবং সদস্য সচিব মোস্তফা জামান।

আজ এক শোকবার্তায় নেতৃত্ব দেন, “মরহুম এ্যাডভোকেট ওমর ফারুক মিন্টু একজন দক্ষ আইনজীবী, সৎ ও সজ্জন মানুষ হিসেবে প্রতিবেশীদের নিকট সুপরিচিত ও শ্রদ্ধাভাজন ছিলেন। তিনি তার কর্মজীবনে একজন নিষ্ঠাবান আইনজীবী হিসেবে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্টদের নিকট স্মরণীয় হয়ে থাকবেন। মরহুমের শোকাত্ত পরিবারবর্গ ও আত্মীয়স্বজনদের প্রতি আমরা গভীর শোক ও সহমর্মিতা জ্ঞাপন করছি। দোয়া করি-মহান রাব্বুল আলামীন যেন তাকে জান্নাতুল ফেরদৌস নসীব এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।”

নেতৃত্ব দেন শোকবার্তায় এ্যাডভোকেট ওমর ফারুক মিন্টু'র বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকাত্ত পরিবারবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক



(এ বি এম এ রাজ্জাক)

যুগ্ম আহ্বায়ক (দপ্তরের দায়িত্বে)

ঢাকা মহানগর উত্তর বিএনপি

মোবাইল : ০১৬৩২-৩৮২১১১